

ত্রিপুরা সরকার
প্রাণী সম্পদ বিকাশ দপ্তর
পাণ্ডিত নেহেরু কম্প্লেক্স, গোখাবস্তী, আগরতলা।
Email: ardd.tripura@gmail.com

ভর্তির বিজ্ঞপ্তি

২০২৩-২০২৪ ইং শিক্ষাবর্ষে কলেজ অফ ভেটেরিনারী সাইন্স এ্যান্ড এ এইচ, আর.কে.নগর, আগরতলায় B.V.Sc & A.H ৫^১/_২ বর্ষীয় কোর্সে ত্রিপুরা বোর্ড অফ জয়েন্ট এন্ট্রান্স এগজামিনেশনের ২০২৩-২০২৪, পি. সি. বি গ্রুপের মেধার ভিত্তিতে তালিকাভুক্ত ছাত্র ছাত্রীদের অফলাইন কাউন্সেলিং ২য় পর্বে নিম্নলিখিত আসনগুলি বন্টন করা হইবে।

Sl. No.	Name of the Institute	No. of vacant seats	Roster position of vacancy			Remarks
			UR	ST	SC	
1	C. V. Sc & AH, Tripura University, R.K. Nagar.	31	16 (1 Ex- service man)	10 (1 PWD)	5	


এক্ষেত্রে যে সমস্ত ছাত্রছাত্রী অনলাইনে TBJEE ওয়েবসাইটে B.V.Sc & A.H পাঠ্যসূচীকে পছন্দ হিসেবে নাম নথিভুক্ত (Choice option এ B.V.Sc & A.H course) করেছেন সেইসব ছাত্র ছাত্রীদেরকে নিম্নলিখিত Original documents সহ আগামী ১৯শে সেপ্টেম্বর ২০২৩ ইং তারিখ সকাল ১১ ঘটিকায় কাউন্সেলিং এর জন্য প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের অধিকর্তার কার্যালয়ে (গোখাবস্তী) উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাইতেছে :-

- ১) বয়সের প্রমাণপত্র (Madhyamik Admit card বা Birth Certificate)।
- ২) ত্রিপুরা বোর্ড অফ জয়েন্ট এন্ট্রান্স এগজামিনেশন কর্তৃক প্রাপ্ত মেধার প্রমাণপত্র।
- ৩) মার্কসীট (H.S.+2 Stage এর)। ৪) স্থায়ী নাগরীকত্বের প্রমাণপত্র (PRTC)।
- ৫) ST / SC/OBC সংরক্ষণের প্রমাণপত্র। ৬) ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ফটো।
- ৭) আধার কার্ড এবং ৮) রেশন কার্ডের কপি।

ভর্তির ন্যূনতম যোগ্যতা : - পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, জীববিদ্যা এবং ইংরেজীতে তপশিলী উপজাতি ও তপশিলী জাতি সংরক্ষিত আসনের ক্ষেত্রে ৪৭.৫ % নম্বর এবং অসংরক্ষিত আসনের ক্ষেত্রে ৫০.০০ % নম্বর সহ উচ্চ মাধ্যমিক (H.S.+2 Stage এর) পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

যদি কোন প্রার্থী ত্রিপুরা বোর্ড অফ জয়েন্ট এন্ট্রান্স এগজামিনেশনের মাধ্যমে নির্বাচিত হয়ে অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পেয়ে থাকেন তবে তাকে ঐ সিট Surrender এর প্রমাণপত্রও জমা দিতে হইবে।

বি: দ্র: - মনোনীত ছাত্রছাত্রীদের আগামী ৭ (সাত) দিনের মধ্যে Surrender করতে হবে।
নির্বাচিত ছাত্রছাত্রীদের আগামী ৩০/০৯/২০২৩ ইং তারিখের মধ্যে কলেজে ভর্তি হতে হবে।


অধিকর্তা

প্রাণী সম্পদ বিকাশ দপ্তর।

